

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৯৫

আগরতলা, ১৬ অক্টোবর, ২০২৬

মায়ের গমন উপলক্ষ্যে ২৩ অক্টোবর
যানবাহন চলাচলের উপর নিয়ন্ত্রণাদেশ আরোপ

২৩ অক্টোবর অনুষ্ঠেয় মায়ের গমন ২০২৬ (কার্নিভাল) সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে
এদিন আগরতলায় যানবাহন চলাচলের উপর কিছু নিয়ন্ত্রণাদেশ আরোপ করা হয়েছে।
ত্রিপুরা মোটর ভেহিক্যাল রুলস ১৯৯১-র ১০৫নং ধারা এবং মোটর ভ্যাহিক্যাল অ্যাক্ট
১৯৮৮-র ১১৬ ও ১১৭ নং ধারা অনুযায়ী পশ্চিম জেলার জেলাশাসক এই নিয়ন্ত্রণাদেশ
আরোপ করেছেন। ২৩ অক্টোবর দুপুর ২টা থেকে লায়ন্স গেট (উজ্জয়ন্ত প্যালেস) থেকে
জেকসন গেট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোষ্টঅফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী,
বটতলা হয়ে দশমীঘাট পর্যন্ত রাস্তাটি নো ভেহিক্যাল জোন হিসেবে পরিগণিত হবে। এদিন
সংশ্লিষ্ট সময়ে এই রুট শুধুমাত্র দুর্গা প্রতিমা নিরঞ্জনের কাজে ব্যবহৃত হবে। শোভাযাত্রা শেষ
না হওয়া পর্যন্ত এই ব্যবস্থা বলবৎ থাকবে।

যেসমস্ত এলাকায় নো এন্ট্রি ব্যবস্থা কার্যকর থাকবে সেগুলি হচ্ছে নাগেরজলা, বটতলা,
দশমীঘাট, জয়পুর, আগুন্তুক ক্লাব, জয়নগর, অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী,
আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব জংশন, গান্ধীঘাট, আইজিএম হাসপাতালের পিছনের দিক,
আরএমএস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জেকসন গেট, গোলবাজার,
লালমাটিয়া ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মোটরস্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা
মহাবিদ্যালয়, টাউনহল, আরএস ভবন ক্রসিং, বিকে চৌমুহনী।

অসুস্থ ব্যক্তি, বিমানযাত্রী, রেলযাত্রীদের ব্যবহারের জন্য আপতকালীন রাস্তা হিসেবে
যেগুলি ব্যবহৃত হবে তা হচ্ছে-

হাঁপানীয়ার টিএমসি হাসপাতাল থেকে আইজিএম, জিবিপি হাসপাতাল, আইএলএস পর্যন্ত -
হাপানীয়া- এডিনগর- ফ্লাইওভার- আইজিএম- টিআরটিসি কের চৌমুহনী- কর্ণেল চৌমুহনী-
হারাধন সংঘ- উত্তর গেট- রাধানগর- মূর্তিপ্ৰাঙ্গণ- জিবিপি হাসপাতাল/আইএলএস।

হাঁপানীয়া- এডিনগর- ফ্লাইওভার- ফায়ারসার্ভিস চৌমুহনী- কের চৌমুহনী- শঙ্কর
চৌমুহনী- হারাধন সংঘ- উত্তর গেট- রাধানগর- মূর্তিপ্ৰাঙ্গণ- জিবিপি হাসপাতাল/আইএলএস।

জিবিপি হাসপাতাল/আইএলএস হাসপাতাল থেকে আইজিএম/হাপানীয়া টিএমসি পর্যন্ত-
আইএলএস/জিবি- মূর্তিপ্ৰাঙ্গণ- রাধানগর- উত্তর গেট- হারাধন সংঘ- কর্ণেল চৌমুহনী- শঙ্কর
চৌমুহনী- কের চৌমুহনী- ফ্লাইওভার- এডিনগর।

*****২য় পাতায়

(২)

বিমানের বৈধ টিকিট বা বোর্ডিং পাস সঙ্গে রাখার জন্য এবং ব্যবহৃত গাড়িতে ‘বিমান ও রেল যাত্রী’ শীর্ষক স্টিকার ব্যবহার করার জন্য বিমানবন্দর / রেলের যাত্রীদের কাছে অনুরোধ করা হয়েছে। যাত্রীরা বিমানবন্দর/ রেলস্টেশন যাওয়ার জন্য এবং বিমানবন্দর / রেলস্টেশন থেকে নিজেদের গন্তব্যে যাওয়ার জন্য যেকোন রাস্তা ব্যবহার করতে পারবেন।

ভিআইপি, বিশিষ্ট ব্যক্তিদের যানবাহন পার্কিং করা যাবে ১) উজ্জয়ন্ত প্যালেস কম্পাউন্ডে। সাধারণ মানুষের গাড়িগুলি যেসমস্ত জায়গায় পার্কিং করা যাবে সেগুলি হচ্ছে - ২)

আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- জেকসন গেইট বক্সকালভার্ট।

৩) বটতলা টিআরটিসি কমপ্লেক্স, ফ্লাইওভারের নিচে ৩৮ থেকে ৪২ নং পিলারের জায়গায়।

৪) গান্ধীঘাট থেকে রামকৃষ্ণ মিশন, গান্ধাইল রোড।

৫) পূর্ব আগরতলা পুলিশ থানার পেছনের দিক থেকে মহানাম অঙ্গন পর্যন্ত এলাকায়।

৬) পুলিশের গাড়ি- উমাকান্ত একাডেমির মাঠ।

মায়ের গমন/ কার্নিভাল ২০২৬ এ অংশগ্রহণকারী দুর্গা প্রতিমাগুলির সমবেত হওয়ার রুট-

ওয়েস্টার্ন জোন- রামনগর, ভাটিঅভয়নগর এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা কের চৌমুহনী- ফায়ার সার্ভিস চৌমুহনী- আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- দুর্গাবাড়ি অতিক্রম করে আরএস ভবন হয়ে এসেম্বল পয়েন্টে এসে মিলিত হবে।

কৃষ্ণনগর, কর্ণেল চৌমুহনী এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা কর্ণেল চৌমুহনী- বিকে চৌমুহনী- দুর্গাবাড়ি অতিক্রম করে আরএস ভবন হয়ে এসেম্বল পয়েন্টে এসে মিলিত হবে।

নর্দার্ন জোন- কুঞ্জবন রাধানগর, ভিআইপি রোড এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা মূর্তি প্রাঙ্গণ- রাধানগর- নর্থ গেইট মরা চৌমুহনী- পাওয়ার হাউজ ক্রসিং বিকে রোড- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসেম্বল পয়েন্টে এসে মিলিত হবে।

ইস্টার্ন জোন- উজান অভয়নগর, বনমালীপুর এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা লালবাহাদুর চৌমুহনী- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসেম্বল পয়েন্টে এসে মিলিত হবে।

ধলেশ্বর আশ্রম চৌমুহনী এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা আশ্রম চৌমুহনী- জেল রোড পূর্বাশা ক্রসিং- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসেম্বল পয়েন্টে এসে মিলিত হবে।

*****৩য় পাতায়

(৩)

কল্যাণী, শিবনগর, মঠ চৌমুহনী এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা মঠ চৌমুহনী- পূর্বাশা ক্রসিং- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসে মিলিত হবে।

চিত্তরঞ্জন রোড জগহরিমুড়া, মোটরস্ট্যান্ড এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা রামঠাকুর সংঘ- এমবিবি ক্লাব ক্রসিং- সিআর রোড- পুরনো মোটরস্ট্যান্ড- পূর্ব থানার সম্মুখ ভাগ- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসে মিলিত হবে।

নেতাজী চৌমুহনী- এনএস রোড- গ্র্যান্ডিউজ চৌমুহনী, সেন্ট্রাল রোড, মহারাজগঞ্জ বাজার এবং এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা এনএস রোড (গোলবাজার স্ট্যাচু)- এমবিবি ক্লাব- ক্রসিং সিআর রোড- পুরনো মোটরস্ট্যান্ড- পূর্ব থানার সম্মুখ ভাগ- গণরাজ চৌমুহনী- মহিলা কলেজ- এলএনবাড়ি রোড হয়ে এসে মিলিত হবে।

সাওদান জোন- মেলারমাঠ এডিনগর, বাধারঘাট (জহর ব্রিজের দক্ষিণাংশ) এবং পার্শ্ববর্তী এলাকাগুলির ক্লাব/ পূজা কমিটিগুলির দুর্গা প্রতিমা বটতলা- ফায়ার সার্ভিস চৌমুহনী- আইজিএম চৌমুহনী- আরএমএস চৌমুহনী- ওরিয়েন্ট চৌমুহনী- আরএস ভবন ক্রসিং হয়ে এসে মিলিত হবে।

এসেম্বল পয়েন্ট থেকে কার্নিভাল (কমন মুভমেন্ট) সড়ক- এসেম্বল পয়েন্ট থেকে সমস্ত ক্লাব/ পূজা কমিটিগুলির প্রতিমা মহারানী তুলসীবতী বিদ্যালয় থেকে জেকসান গোট- ব্যান্ড চৌমুহনী- কামান চৌমুহনী- সূর্য চৌমুহনী- পোষ্ট অফিস চৌমুহনী- প্যারাডাইস চৌমুহনী- বটতলা হয়ে দশমীঘাটে গিয়ে পৌঁছবে।
